

# প্রথম 100 কার্যদিবস

জুন - সেপ্টেম্বর 2022

## শ্রবণ ও অনুধাবন


**টনি বি. ওয়াটলিংটন সিনিয়র, Ed.D.**

***সুপারিনটেনডেন্ট***









THE SCHOOL DISTRICT OF PHILADELPHIA

# সুপারিনটেন্ডেন্ট ওয়াটলিংটন (Watlington)-এর বার্তা



ফিলাডেলফিয়ার (Philadelphia) স্কুল ডিস্ট্রিক্টের সুপারিনটেনডেন্ট হিসেবে এই অসামান্য সম্মান গ্রহণ করে, আমার প্রথম অগ্রাধিকার হলো শ্রবণ ও অনুধাবন বিষয়ে কাজ করা। কর্মক্ষেত্রে আমার প্রথম 100 কার্যদিবসে, আমি কৌশলগত, মননশীল এবং নিরপেক্ষতা-কেন্দ্রিক আলোচনা ও কার্যে এবং উন্নতি প্রয়োজন এমন ক্ষেত্র চিহ্নিত করতে যুক্ত হবো যা বর্তমানে ভালোভাবেই সম্পন্ন হচ্ছে। একটি সহযোগীতামূলক এবং ফলাফল নির্ভর নেতৃত্ব শৈলীর উপর ভিত্তি করে, এই ঐতিহাসিক সিটির ইতিহাস জানতে এবং স্কুল ডিস্ট্রিক্ট অব ফিলাডেলফিয়ার লক্ষ্য ও  সমর্থন অর্জনের লক্ষ্যে প্রয়োজনীয় বিষয়াদি সম্পর্কে শোনার জন্য আমি ফিলাডেলফিয়ানদেরকে একটি বিস্তৃত পরিসরের সাথে যুক্ত করবো।

অনন্য প্রতিভা এবং সমষ্টিগত সম্পদের একটি প্রাণবন্ত শহর হলো ফিলাডেলফিয়া। নিরপেক্ষতা, ভ্রাতৃত্বসুলভ ভালোবাসা, ভগ্নিসুলভ স্নেহ এবং সক্রিয়তার প্রতি এটির ঐতিহাসিক অঙ্গীকার হিসেবে পরিচিত এই সিটি এমন একটি জায়গা হতে পারে যেখানে সকল শিশুর শেখার ধারা ত্বরান্বিত হয় এবং জাতি, ধর্ম, লিঙ্গ, যৌন প্রবণতা বা অর্থনৈতিক অবস্থান ব্যতিরেকে তাদের সহজাত প্রতিভা স্বীকৃতি পায়।  সুপারিনটেনডেন্ট হিসেবে, আমি আমাদের শিক্ষার্থী, পরিবার, কর্মচারী, সিটি ও স্টেটের নেতৃবৃন্দ, ইউনিয়নসমূহ, বিশ্ববিদ্যালয়, সক্রিয় কর্মী, তৃণমূল সংগঠন এবং ব্যবসায়ী নেতাদের সাথে একত্রে কাজ করার ক্ষেত্রে একান্ত অত্যাবশ্যক চেতনা নিয়ে কাজ করবো যাতে আমরা, আমাদের সবচেয়ে জটিল চ্যালেঞ্জ 198,645 জন শিশু যাদের জীবনমানের উন্নয়ন করতে আমরা সেবাদান করি, সে লক্ষ্যে একসঙ্গে মনোযোগ, শক্তি এবং সৃজনশীলতা উপস্থাপন করতে পারি। আমাদের ঐতিহ্যবাহী স্কুলের পরিবেশে বা আমাদের চার্টার স্কুল কমিউনিটির শিশুরা শিখছে কি না তা আমরা, প্রাপ্তবয়স্করা তাদের উদ্ভাসিত হতে দেখার উদ্দেশ্যে প্রয়োজনীয় রিসোর্স, ভালোবাসা এবং প্রতিশ্রুতি প্রদানের জন্য সেখানে উপস্থিত থাকবো। ব্যাপারটি কঠিন হবে, তবে আমাদের শিশুরা নিজের ও তাদের পরিবারের জীবনমান পরিবর্তনের সুযোগ এবং ফলাফল তৈরির জন্য আমাদের উপর নির্ভর করছে।

আমার প্রথম 100 কার্যদিবসে, আপনারা এই সিটি এবং স্কুল ডিস্ট্রিক্ট সম্পর্কে জেনে আমার প্রতিশ্রুতিসমূহ দেখতে, শুনতে এবং অনুভব করতে পারবেন। আমাদের বোর্ড অব এডুকেশন (Board of Education)-এর সাথে আমি দৃঢ় এবং অর্থপূর্ণ সম্পর্ক গড়ে তুলবো, যাতে আমাদের নৈতিক উদ্দেশ্য পূরণে আমরা স্পষ্টত একত্রিত হতে এবং মনোযোগের সাথে ও স্বেচ্ছায় কাজ করতে পারি। আমাদের কমিউনিটির সাথে আমরা আমাদের সম্পৃক্ততাও বাড়াবো যাতে করে আমরা সকলেই সক্রিয়ভাবে আমাদের স্কুল ব্যবস্থার সাফল্যে অবদান রাখতে পারি এবং লক্ষ্য ও  সমর্থন অর্জন করতে পারি।

এই লিসেনিং অ্যান্ড লার্নিং ট্যুর (Listening & Learning Tour) পাঁচটি অগ্রাধিকার ক্ষেত্রের উপর মনোনিবেশ করে যা লক্ষ্য ও সমর্থনকে প্রতিফলিত করে এবং শ্রেষ্ঠত্ব অর্জনে একটি দীর্ঘ ও সামগ্রিক যাত্রার সূচনা করে। এই প্রক্রিয়ার ফলাফল এবং সুপারিশসমূহ একটি প্রতিবেদন আকারে প্রকাশিত হবে যা আমাদের কাজকে একসাথে পথপ্রদর্শন করতে সহায়তা করবে। আমি এমন একটি সফল যাত্রার অপেক্ষায় আছি, যখন আমরা সম্মিলিতভাবে "শিশুরা কেমন আছে?" এই কথা জিজ্ঞাসা করলে আমাদের কাছে প্রমাণ এবং আত্মবিশ্বাস থাকবে যে "সকল শিশু ভালো আছে!" অন্য যেকোনো উত্তরই অগ্রহণযোগ্য হবে।

আপনাদের সাথে অংশীদারিত্বের ভিত্তিতে এই কাজ করার সুযোগ দানের জন্য অগ্রিম ধন্যবাদ। সামনে আমাদের সেরা দিনগুলি অপেক্ষমান।

*Tony B. Watlington, Sr.*

*বিশ্বাস | অংশীদারিত্ব | নিরপেক্ষতা | শ্রেষ্ঠত্ব | শিখন*

# লক্ষ্য ও সমর্থন অর্জন ত্বরান্বিত করতে শোনার ও শেখার অগ্রাধিকারমূলক ক্ষেত্রসমূহ

যখন আমরা আমাদের সেবাপ্রাপ্ত শিক্ষার্থীদেরকে তাদের লক্ষ্য ও  সমর্থন অর্জনের জন্য একত্রে কাজ করবো তখন শোনার এবং শেখার জন্য এই পাঁচটি অগ্রাধিকারমূলক ক্ষেত্র আমার চিন্তাভাবনা এবং ধারণাগুলি জানাতে সাহায্য করবে। লক্ষ্য ও  সমর্থন সম্পর্কে আরও জানতে philasd.org/goalsandguardrails এ ভিজিট করুন।

## অগ্রাধিকার ক্ষেত্র 1
শিক্ষার্থী এবং কর্মীদের কল্যাণ মূল্যায়ন

## অগ্রাধিকার ক্ষেত্র 2
আমাদের অংশীদারদের নিযুক্ত করা এবং আস্থা তৈরি করা

## অগ্রাধিকার ক্ষেত্র 3
শিক্ষাদান এবং শিখন মূল্যায়ন

## অগ্রাধিকার ক্ষেত্র 4
ডিস্ট্রিক্ট লিডারশীপের সক্ষমতা এবং জোটবদ্ধতা মূল্যায়ন

## অগ্রাধিকার ক্ষেত্র 5
ডিস্ট্রিক্টের কার্যক্রম, সুযোগ-সুবিধা এবং অর্থায়ন মূল্যায়ন

# অগ্রাধিকার ক্ষেত্র 1
## শিক্ষার্থী এবং কর্মীদের কল্যাণ মূল্যায়ন

## লক্ষ্য

শারীরিক বা মানসিকভাবে নিরাপদ না থাকলে শিক্ষার্থী এবং কর্মীরা উন্নতি লাভ করতে পারবে না। একটি স্কুল ডিস্ট্রিক্ট হিসেবে, আমাদের অবশ্যই একটি সহযোগিতামূলক প্রচেষ্টাস্বরুপ কল্যাণ ও নিরাপত্তাজনিত বিষয়সমূহকে মোকাবেলা করতে হবে, মেয়রের কার্যালয়, সিটি কাউন্সিল, ব্যবসায় কমিউনিটি, আমাদের আশেপাশের এলাকা এবং আমাদের স্কুল থেকে শিক্ষার্থীদের এবং কর্মীদের শিখন এবং সমৃদ্ধির উদ্দেশ্যে নিরাপত্তা বেষ্টনী তৈরির জন্য প্রধান অংশীদারদের আহ্বান জানাতে হবে। শিক্ষার্থীদের কল্যাণ ও নিরাপত্তার প্রতি আমাদের দৃষ্টিভঙ্গি আমাদের শিক্ষার্থীদের একটি আমন্ত্রণমুলক এবং স্বাস্থ্যকর, অর্থপূর্ণ কর্মকাণ্ডে যুক্ত হওয়ার সুযোগ বাড়াবে যা তাদের ইতিবাচক মানসিকতা গড়ে তুলতে সাহায্য করবে। কর্মক্ষম নাগরিক হওয়ার জন্য আমাদের শিক্ষার্থীদেরকে ফিলাডেলফিয়া হতে সুযোগ গ্রহণের মতো সম্পদ পাচ্ছে তা নিশ্চিত করার জন্য আমরা কাজ করবো।

## কার্যকরী পদক্ষেপসমূহ

**1.1** কমিউনিটি সংযোগ রক্ষাকারী একজন কর্মকর্তা নিয়োগ করা যিনি সুপারিন্টেন্ডেন্টকে শিক্ষার্থী এবং কর্মীদের নিরাপত্তাজনিত সমস্যা সহ কমিউনিটি বিষয়ক তৃণমূল যোগাযোগ এবং প্রতিক্রিয়াগুলির সমন্বয় সাধনের জন্য প্রতিবেদন প্রদান করবেন।

**1.2** ব্যাপক অনুপস্থিতি, গৃহহীনতা, জরুরি সহায়তা এবং স্কুলের বাইরের সময়ের সমস্যাগুলির বিষয়ে সিটি এবং কমিউনিটির শীর্ষ পর্যায়ের নেতাদের আহ্বান করার জন্য কাঠামো পর্যালোচনা করা।

**1.3** সিটির সংস্থাসমূহ, তৃণমূল সংগঠন এবং প্রধান অংশীদারদের সহযোগিতায় গ্রীষ্মকালীন, স্কুল-পরবর্তী এবং সহ-পাঠ্যক্রমিক প্রোগ্রামিং কার্যক্রম সম্প্রসারণের সম্ভাবনার মূল্যায়ন।

**1.4** শিক্ষার্থী, কর্মচারী, অভিভাবক এবং কমিউনিটির সদস্যদের কাছ থেকে আমরা স্কুলের পরিবেশ এবং নিরাপত্তার বিষয়ে কিভাবে সাড়া পাবো এবং প্রতিক্রিয়া জানাবো তা পর্যালোচনা করা।

**1.5** আমাদের স্কুলের ভিতরে এবং আশেপাশে সহিংসতামূলক অপরাধের উপর বিশেষ মনোযোগ দিয়ে আমাদের স্কুল/ডিস্ট্রিক্টের স্থগিতকরণ এবং বহিষ্কার সংশ্লিষ্ট তথ্য পর্যালোচনা ও মূল্যায়ন করা।

**1.6** এককভাবে স্কুলের পরিবেশজনিত তথ্য পর্যালোচনা করা।

**1.7** শিক্ষার্থী এবং কর্মীদের মানসিক স্বাস্থ্য বিষয়ক সহায়তার প্রতি আমাদের দৃষ্টিভঙ্গি পর্যালোচনা করা এবং আমরা শিক্ষার্থী ও কর্মীদের জন্য সমন্বিত মানসিক স্বাস্থ্য বিষয়ক সহায়তা এবং পরিষেবায় যথাযথভাবে বিনিয়োগ করছি কি না তা নির্ধারণ করা।

**1.8** পুনরুদ্ধারমূলক অনুশীলন এবং ইতিবাচক আচরণ, হস্তক্ষেপ এবং সহায়তামূলক কর্মসূচির জন্য যে সকল বিনিয়োগ করা হয়েছে তা মূল্যায়ন করা।

# অগ্রাধিকার ক্ষেত্র 2

## আমাদের অংশীদারদের নিযুক্ত করা এবং আস্থা তৈরি করা

## লক্ষ্য

অনুধাবনের উদ্দেশ্যে শোনা ও তারপর সহযোগিতা করা এবং সকল শিক্ষার্থীদের সফল হওয়ার জন্য সহযোগী হিসেবে কার্যকরভাবে যোগাযোগ করার মাধ্যমে বিশ্বাস গড়ে তোলার বিষয়টি শুরু হয়। শিক্ষার্থী, পরিবার, কর্মচারী, সিটি ও স্টেটের নেতৃবৃন্দ, ইউনিয়ন, বিশ্ববিদ্যালয়, সক্রিয় কর্মী, তৃণমূল সংগঠন এবং ব্যবসায়ী নেতৃবৃন্দ সহ আমাদের কমিউনিটির প্রত্যাশা ও স্বপ্ন অনুধাবন করা আমাদের জন্য অপরিহার্য। এছাড়াও, আমাদের নিশ্চিত করতে হবে যে আমাদের শক্তিশালী, সহযোগিতামূলক কাঠামো রয়েছে এবং আমরা অভ্যন্তরীণ ও বাহ্যিক যোগাযোগ কিভাবে সম্পন্ন করছি তা মূল্যায়ন করা জরুরি।

## কার্যকরী পদক্ষেপসমূহ

**2.1** সকল কমিউনিটির সঠিক অগ্রাধিকার এবং চাহিদাসমূহ অনুধাবন করার জন্য একটি শ্রবণ ও শিখন প্রক্রিয়া চালু করা।

**2.2** সুপারিন্টেন্ডেন্টের সহযোগী কাঠামো বৃদ্ধি করা।

**2.3** বোর্ড অব এডুকেশন (Board of Education)-এর প্রেসিডেন্ট, ভাইস প্রেসিডেন্ট মেয়র, সিটি কাউন্সিল, স্টেটের কর্মকর্তাগণ এবং আইন প্রণয়নকারী প্রতিনিধি, বিশ্বাস-ভিত্তিক কমিউনিটি, ব্যবসায়ী নেতৃবৃন্দ এবং কমিউনিটির সদস্যদের সাথে আলোচনাপূর্বক প্রধান নেতাদের সাথে সাক্ষাৎ করা।

**2.4** কোন ব্যবস্থাগুলো কাজ করছে এবং মানসিক চাপ/উদ্বেগের জায়গাগুলি কী তা বোঝার জন্য শিক্ষক, প্রশাসক, সহায়ক কর্মী, স্কুল-ভিত্তিক অন্যান্য কর্মচারী এবং কেন্দ্রীয় অফিসের কর্মচারীদের সাথে সরাসরি এবং জুম মিটিংয়ের সেশন আয়োজন করা।

**2.5** শ্রদ্ধা ও আস্থার সংস্কৃতি প্রতিষ্ঠার জন্য আলোচনা শুরু করা এবং আমাদের ইউনিয়ন অংশীদারদের সাথে যোগাযোগ স্থাপন।

**2.6** বোর্ডের সদস্য, অধ্যক্ষ, নির্দেশনা দানকারী কর্মচারী, নির্দেশনা দান করে না এমন কর্মী এবং কেন্দ্রীয় অফিসের কর্মীরা কিভাবে ব্যবস্থা-ভিত্তিক বার্তাগুলি অনুধাবন করেন তা নির্ধারণ করতে সামাজিক যোগাযোগ মাধ্যম কৌশল সহ অভ্যন্তরীণ যোগাযোগ প্রোটোকলগুলি মূল্যায়ন করা।

**2.7** কমিউনিকেশন প্রোটোকল, বর্ষ 1-এর অগ্রাধিকার এবং সুপারিনটেনডেন্ট মূল্যায়ন প্রক্রিয়া পর্যালোচনা করতে বোর্ড অব এডুকেশন (Board of Education)-এর অপসরণের সূচী নির্ধারণ।

**2.8** ডিস্ট্রিক্টের বর্তমান যোগাযোগ ও সম্পৃক্ততামূলক প্রচেষ্টার অবস্থা মূল্যায়ন করার পাশাপাশি স্কুল ডিস্ট্রিক্টের ওয়েবসাইট এবং স্কুলের ওয়েবসাইটের মান মূল্যায়ন করা।

# অগ্রাধিকার ক্ষেত্র 3
## শিক্ষাদান এবং শিখন মূল্যায়ন

## লক্ষ্য

শিক্ষাদান ও শিখনের ফলে উন্নত শিক্ষাগত অর্জন এবং লক্ষ্য ও  সমর্থন অর্জন আমাদের মূল কাজ। কোভিড-19 শিক্ষার্থীদের লেখাপড়ায় মারাত্মক ব্যাঘাত ঘটিয়েছে এবং এখন আমাদের শিক্ষামূলক কর্মসূচিতে সমন্বয় জোরদার করতে হবে যাতে আমাদের শিক্ষক এবং স্কুলের উচ্চমানের শিক্ষা ও শিখনের অগ্রাধিকারদানে প্রয়োজনীয় বিষয়াদি নিশ্চিত করা যায়। ফিলাডেলফিয়ার স্কুল ডিস্ট্রিক্টের সকল শিক্ষার্থী শুধুমাত্র গ্র্যাজুয়েশনই নয়, বরং কলেজ এবং কর্মী প্রস্তুত করার বিষয়টি নিশ্চিত করা ডিস্ট্রিক্টের সকল কর্মচারী, কন্ট্রাক্টর এবং স্বেচ্ছাসেবকদের লক্ষ্য ও দায়িত্ব।

## কার্যকরী পদক্ষেপসমূহ

**3.1** ঘন ঘন এবং কাঠামোবদ্ধ স্কুল পরিদর্শনের একটি প্রক্রিয়া তৈরি করা যাতে স্কুলের উন্নতির প্রচেষ্টা পর্যবেক্ষণ এবং এ ব্যাপারে সহযোগীতা করার যায়।

**3.2** স্কুল উন্নয়নের পরিকল্পনার বর্তমান প্রক্রিয়া (স্কুলের উন্নতি পরিকল্পনা সহ) মূল্যায়ন করা এবং এটা নিশ্চিত করা যে স্কুলগুলিতে শিক্ষার্থীদের সহায়তার জন্য সুস্পষ্ট বহু-স্তরবিশিষ্ট পদ্ধতি রয়েছে।

**3.3** প্রশাসনিক, নির্দেশনা দানকারী এবং নির্দেশনা প্রদান করে না এমন কর্মীদের সমর্থন এবং কর্মীদের উন্নয়নে বিনিয়োগ করার উপর বাজেট কতটা জোর দেয় তার বর্তমান পেশাদার বিকাশের প্রচেষ্টাগুলি মূল্যায়ন করা।

**3.4** ডিস্ট্রিক্টের সাক্ষরতা এবং গাণিতিক নির্দেশমূলক কাঠামোর সমন্বয় মূল্যায়ন করা।

**3.5** অ্যাকাডেমিক-সংক্রান্ত নিম্ন কর্মক্ষমতার ক্ষেত্রগুলিতে মনোনিবেশ করা এবং শিক্ষার্থীদের অর্জনের প্রবণতার প্রধান কারণসমূহ নির্ধারণের কৌশলসমূহ কার্যকর রয়েছে তা নিশ্চিত করা।

**3.6** বর্তমান পাঠ্যক্রম কতটা বিস্তৃত ও গবেষণা ভিত্তিক এবং
সেগুলো কোন ক্ষেত্রে মানসম্পন্ন এবং শিক্ষার্থীদের অর্জন/বৃদ্ধির সুযোগ করে দেয় তা নির্ধারণ করা।

**3.7** লক্ষ্য ও  সমর্থন সমূহ অর্জনে অগ্রগতিতে সহায়তা করতে শিক্ষার্থী এবং কর্মীদের উপস্থিতির হার, শিক্ষার্থী ঝরে পড়ার হার এবং শিক্ষার্থীদের গ্র্যাজুয়েশনের হার মূল্যায়ন করা।

# অগ্রাধিকার ক্ষেত্র 4

## ডিস্ট্রিক্ট লিডারশীপের সক্ষমতা এবং জোটবদ্ধতা মূল্যায়ন

## লক্ষ্য

স্কুল ডিস্ট্রিক্ট অব ফিলাডেলফিয়া (The School District of Philadelphia)-তে একটি উচ্চ-কর্মক্ষম, সহযোগী এবং ফলাফল-ভিত্তিক সংস্কৃতি থাকা অপরিহার্য। লক্ষ্য ও সমর্থন অর্জনের জন্য আমাদের নেতৃত্বের সক্ষমতা মূল্যায়ন এবং গড়ে তোলার ব্যাপারে একটি পেশাদারী সংস্কৃতির সঙ্গে আমরা একটি অত্যন্ত কার্যকরী দল হিসেবে কাজ করছি তা নিশ্চিত করার জন্য আমরা সচেষ্ট হবো। লেখক জিম কলিন্স (Jim Collins) বলেছেন, আমরা নিশ্চিত করবো যে আমাদের বাসে এবং সঠিক আসনে উপযুক্ত লোক রয়েছে। দুর্ঘটনাবশত আমরা শ্রেষ্ঠত্ব অর্জন করবো না। এটি পরিকল্পনার মাধ্যমে অর্জিত হবে।

## কার্যকরী পদক্ষেপসমূহ

**4.1** ব্যক্তিগত সাক্ষাৎকার পরিচালনা করা এবং সকল সরাসরি প্রতিবেদনের সাথে জীবনবৃত্তান্ত এবং ব্রিফিং পেপার পর্যালোচনা করা।

**4.2** নির্বাহী নেতৃত্বকে আরও ভালোভাবে উপলব্ধি করার জন্য নেতৃত্ব মূল্যায়ন তালিকা সম্পন্ন করা।

**4.3** একটি ট্রানজিশন টিম প্রতিষ্ঠা করা যা ফিলাডেলফিয়া পাবলিক স্কুল কমিউনিটির সদস্য, স্থানীয় নেতৃবৃন্দ এবং K-12 জাতীয় পর্যায়ের বিশেষজ্ঞদের সমন্বয়ে গঠিত হবে।

**4.4** ডিস্ট্রিক্টের অগ্রাধিকার, সাম্প্রতিক অর্জনসমূহের তথ্য, বর্তমান এবং প্রত্যাশিত শূন্যপদগুলি পর্যালোচনা এবং দলের নেতৃত্ব কাঠামো ও অনুশীলন নিয়ে আলোচনা করার জন্য সিনিয়র কর্মীদের সাথে একটি অপসরণ পদ্ধতি পরিচালনা করা।

**4.5** লক্ষ্য ও সমর্থন অর্জনের জন্য বর্তমান অফিস কাঠামো, জোটদ্ধতা এবং ক্ষমতা পর্যালোচনা করা।

**4.6** বর্তমান সাংগঠনিক কাঠামোর ভিত্তিতে স্কুল নেতাদের (অধ্যক্ষ) স্বায়ত্তশাসন এবং কর্তৃত্ব মূল্যায়ন করা।

**4.7** লক্ষ্য ও সমর্থন অর্জনের জন্য জবাবদিহিতা পরিকল্পনা এবং সাংগঠনিক কাঠামো পর্যালোচনা করতে সিনিয়র কর্মীদের সাথে দ্বিতীয় অপসরণের পরিকল্পনা প্রণয়ন করা।

# অগ্রাধিকার ক্ষেত্র 5

## ডিস্ট্রিক্টের কার্যক্রম, সুযোগ-সুবিধা এবং অর্থায়ন মূল্যায়ন

## লক্ষ্য

ফিলাডেলফিয়ার স্কুল ডিস্ট্রিক্টের সকল শিক্ষার্থীর চাহিদা পূরণের জন্য কার্যক্রম এবং অর্থায়নকে বোর্ড নীতির সাথে সামঞ্জস্যপূর্ণ রাখা এবং শ্রেষ্ঠত্ব ও স্বচ্ছতার প্রতিনিধিত্ব করা গুরুত্বপূর্ণ। ধারাবাহিক উন্নতির মডেল ব্যবহার করে প্রতিটি বিভাগকে স্কুলে কিভাবে সর্বাধিক সহায়তা ও পরিষেবা দেওয়া যায় তা নির্ধারণের জন্য মূল্যায়ন করা হবে। অধিকন্তু, আমরা আমাদের সুযোগ-সুবিধা সংক্রান্ত বিষয়গুলির গভীরতা মূল্যায়ন করবো।

## কার্যকরী পদক্ষেপসমূহ

**5.1** সক্রিয়তা, মানব সম্পদ এবং বাজেটের সরাসরি প্রতিবেদন সহ ব্যক্তিগত সাক্ষাৎকার পরিচালনা করা যাতে ESSR তহবিলের ব্যবহার এবং স্থানীয়, স্টেট ও ফেডারেল অনুদানসমূহ কিভাবে ব্যবহার এবং মূল্যায়ন করা হচ্ছে সেগুলি অন্তর্ভুক্ত।

**5.2** ডিস্ট্রিক্টের তহবিল ভারসাম্য, আর্থিক অনুমান, সম্পদ বরাদ্দ এবং বাজেট প্রক্রিয়া পর্যালোচনা করা; শিক্ষার্থীদের অর্জনকে সহযোগীতা করার জন্য ডিস্ট্রিক্টের বাজেট এবং বাজেট প্রক্রিয়া কিভাবে সমন্বিত হয় তা মূল্যায়ন করা।

**5.3** ডিস্ট্রিক্টের বিরুদ্ধে কোনো সাম্প্রতিক/বর্তমান আইনি প্রক্রিয়া বা বিবেচনাধীন রায় পর্যালোচনা করার জন্য এবং বর্তমানে প্রভাবিত বা ডিস্ট্রিক্টে প্রভাব ফেলতে পারে এমন আইনের প্রতি মনোযোগ দিয়ে স্টেটের শিক্ষা কোড সম্পর্কে একটি ব্রিফিং প্রদান করার জন্য অফিস অব জেনারেল কাউন্সিল (Office of General Counsel)-এর সাথে ব্যক্তিগত সাক্ষাৎকার পরিচালনা করা।

**5.4** লক্ষ্য ও সমর্থন এবং সুযোগ-সুবিধা পরিকল্পনা অনুযায়ী পরিচালিত শিক্ষার্থীর অর্জনে উন্নতির সাথে জোটবদ্ধতা নির্ধারণের জন্য ডিস্ট্রিক্টের সুযোগ-সুবিধার শর্তাবলি এবং কর্মের মূল্যায়ন পর্যালোচনা করা।

**5.5** কোনো বুনিয়াদি কার্যক্রম এবং কিভাবে এই তহবিলসমূহ স্কুলগুলিকে সহায়তা করে সে সম্পর্কে একটি আপডেট পাওয়া।

**5.6** ডিস্ট্রিক্টের প্রধান আর্থিক উপকরণসমূহ, বাজেট, অতি সাম্প্রতিক নিরীক্ষা, অনুদান এবং অফিস অব দ্য ইন্সপেক্টর জেনারেল (Office of the Inspector General) এবং বোর্ডস অফিস অব অডিটিং সার্ভিসেস (Board's Office of Auditing Services)-এর কার্যালয় কর্তৃক প্রদত্ত অন্যান্য প্রতিবেদন এবং নিরীক্ষা পর্যালোচনা করা।

**5.7** বর্তমান শ্রম চুক্তি এবং সূচিসমূহ পর্যালোচনা করা।

**5.8** ডিস্ট্রিক্টের বাজেট এবং পরিষেবার কেন্দ্রীকরণের ভারসাম্য কতটা বজায় রাখে তা মূল্যায়ন করা।





THE SCHOOL DISTRICT OF PHILADELPHIA

# **FIRST 100 DAYS** LISTENING & LEARNING

Tony B. Watlington Sr., Ed.D. | *Superintendent*

**আরো জানতে philasd.org/100days ভিজিট করুন**





